



www.brdb.gov.bd

পল্লী পারিক্রমা

জানুয়ারি ২০১৯ বর্ষ ১ সংখ্যা ৪

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম...

মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী স্থানীয় ২ সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান

NABARD টিম এর সাথে ৪ বিআরডিবি'র দ্বিপাক্ষিক আলোচনা

বিআরডিবি'র সদর কার্যালয়ে ৬০ ৪ ঘণ্টার প্রশিক্ষণ শুরু

ঢাকা জেলা প্রশাসক কর্তৃক সমিতির ৬ সদস্যদের মাঝে ঋণের অর্থ বিতরণ

NABARD টিম এর সমিতির ৭ উঠান বৈঠকে অংশগ্রহণ

কুমিল্লা জেলায় মাননীয় মন্ত্রী ও ৭ প্রতিমন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা প্রদান

একনেকে বিআরডিবি'র আওতায় অপ্রধান শস্য নামে ২০৬.৩৫ কোটি টাকার প্রকল্প অনুমোদন



২০১৮-১৯ অর্থ বছরের ১৫তম একনেক সভা
তারিখ: ২২ জানুয়ারি ২০১৯

অনুমোদনের জন্য উপস্থাপিত প্রকল্পসমূহ
শ্রমোন্নয়নের "পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ" প্রকল্প;
বিভাগের "মারিচ বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি" প্রকল্প;
৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও নতুন ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প;
লক্ষ্যে "বাংলাদেশ লোক ও কারুশিল্প হাটবিশেষের জসুখর ভবন সম্প্রসারণ এবং অন্যান্য বৌদ্ধ অধিকাংশে নির্মাণ" প্রকল্প;
গোপালগঞ্জ বিসিক শিল্পনগরী সম্প্রসারণ (৩য় মসেশোধিত) প্রকল্প;
সেতুর বিভাগের "যাত্রাবাড়ী (মেঘর হারিনিক সড়ক) প্রকল্প (সুলভারোগ মহাসড়ক সেতু) মহাসড়ক (সেতু-১১০) প্রকল্প;
সেতুর বিভাগের "গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার সড়কে ৯টি আরসিসি পিসি গার্ডার সেতু নির্মাণ" প্রকল্প (১১১ কোটি ৭৭ লাখ টাকা);
নেত্রকোণায় সংযোগ মহাসড়ক নির্মাণ- ২৫৭ কোটি ২৯ লাখ টাকা

একনেকে
১ হাজার ৮৯৩ কোটি
২৩ লাখ টাকার
৮ প্রকল্পের
অনুমোদন



পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ- ৩৪৫ কোটি টাকা
অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ- ২০৬ কোটি ৩৫ লাখ টাকা
৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও
নতুন ৬টি স্থাপন- ৩৫৩ কোটি ৯০ লাখ টাকা
বাংলাদেশ লোক ও কারুশিল্প- ১৪৭ কোটি টাকা
গোপালগঞ্জ বিসিক শিল্পনগরী সম্প্রসারণ- ১০২ কোটি ৮৩ লাখ টাকা
যাত্রাবাড়ী, ডেমরা সেতুর মহাসড়ক
৪ লেনে উন্নীতকরণ- ৩৬৮ কোটি ৮৭ লাখ টাকা
নেত্রকোণায় সংযোগ মহাসড়ক নির্মাণ- ২৫৭ কোটি ২৯ লাখ টাকা
গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার সড়কে ৯টি
আরসিসি পিসি গার্ডার সেতু নির্মাণ- ১১১ কোটি ৭৭ লাখ টাকা

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি নামে (জুলাই, ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নের নিমিত্ত গত ২২ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে একনেকের ১৫ তম সভায় অনুমোদন লাভ করে। উক্ত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২০৬ কোটি ৩৫ লাখ টাকা। এর প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশে অপ্রধান শস্য চাষের মাধ্যমে বিদেশ হতে আমদানীর পরিমাণ ধীরে ধীরে কমিয়ে আনা উদ্দেশ্য।



মহাপরিচালকের বার্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অনলাইন নিউজলেটার বিআরডিবি 'পল্লী পরিক্রমা' এর জানুয়ারি ২০১৯ সংখ্যা প্রকাশিত হ'ল। এ দায়িত্বপূর্ণ কাজটি সাফল্যের সঙ্গে নিয়মিতভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। জাতির পিতার ক্ষুধা-দারিদ্র-অশিক্ষা এবং বঞ্চনামুক্ত 'সোনার বাংলাদেশ' বিনির্মানের লালিত স্বপ্ন বাস্তবায়নে বিআরডিবি'র কর্মী ও সুফলভোগীরা একাত্ম হয়ে কাজ করছে।



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নবযোগদানকৃত মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ০৮/০১/২০১৯ খ্রি. তারিখে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি-কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নবযোগদানকৃত মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ০৮/০১/২০১৯ খ্রি. তারিখে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মাসিক অনলাইন নিউজলেটার পল্লী পারিক্রমা

জানুয়ারি ২০১৯ বর্ষ ১ সংখ্যা ৪

National Bank for Agriculture & Rural Development (NABARD), INDIA এর প্রতিনিধি দলের বিআরডিবি'তে আগমন



মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার এর সাথে NABARD, Team INDIA এর সাক্ষাৎ



মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার NABARD, Team INDIA এর সাথে দ্বিপাক্ষিক আলোচনা এবং বিআরডিবি'র কার্যক্রম উপস্থাপন



মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার NABARD, Team INDIA এর সাথে দ্বিপাক্ষিক আলোচনা এবং বিআরডিবি'র কার্যক্রম সাম্প্রতিক ছবি



মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার ও NABARD, Team INDIA এর সাথে বিআরডিবি'র কর্মকর্তাদের দলীয় ছবি



NABARD, Team INDIA কর্তৃক বিআরডিবি'র কারুপল্লী পরিদর্শন



মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার কর্তৃক NABARD, Team INDIA কে কারুপল্লীর উপহার প্রদান



ময়মনসিংহ বিভাগে পল্লী জীবিকায়ন কর্মসূচির দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় ময়মনসিংহ বিভাগ, ঢাকা বিভাগের টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলার উপপরিচালক, উপজেলা প্রকল্প কর্মকর্তা ও সহকারী প্রকল্প কর্মকর্তাগণের সমন্বয়ের গত ২৬/০১/২০১৯ খ্রি. তারিখে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভায় সভাপতিত্ব করে ময়মনসিংহ জেলার উপপরিচালক জনাব মোঃ জাহিদুল ইসলাম।

বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



বিআরডিবি'র কর্মকর্তাদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



বিআরডিবি'র ৪র্থ শ্রেণির কর্মচারীদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



বিআরডিবি'র ৩য় শ্রেণির কর্মচারীদের ৬০ ঘণ্টার প্রশিক্ষণ কোর্সের অধিবেশন পরিচালনা করছেন বিআরডিবি'র পরিচালক (প্রশিক্ষণ)।



নীলফামারী সদর উপজেলায় সমিতিতে ঋণ বিতরণ

নীলফামারী সদর উপজেলার মহিলা সমিতির সদস্যদের মাঝে ক্ষুদ্র ঋণ বিতরণ করেন সদর উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আমিনুল ইসলাম



উদকনিক প্রকল্পের আওতায় মহিলাদের পার্লার পরিচালনার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্পের অধীনে বৃহত্তর রংপুর জেলার আওতাধীন গ্রামীণ স্বল্প শিক্ষিত মেয়েদের চাহিদার প্রেক্ষিতে পার্লার শিল্পের উন্নয়নের জন্য কাজ করছে। এ লক্ষ্যে রংপুর জেলার আওতাধীন সমিতি গঠনের মাধ্যমে পার্লার পরিচালনায় দক্ষতা উন্নয়নের জন্য গ্রামীণ নারীদের প্রশিক্ষণ দিয়ে নারীর ক্ষমতায়ন ও আয়কর্মসংস্থান সৃষ্টিতে কাজ করছে।

বিআরডিবি'র সদর কার্যালয়ে ইংরেজী নববর্ষ –2019 উদযাপন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সদর কার্যালয়ে ০১/০১/২০১৯ খ্রি. তারিখে ইংরেজী নতুন বছরকে স্বাগত জানানো হয়। এ উপলক্ষে বিআরডিবি'র সদর কার্যালয়ের সম্মেলন কক্ষে বিআরডিবি'র সকল পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিতিতে মিষ্টি বিতরণ করা হয়। এছাড়া ইংরেজী নতুন বছর উদযাপন উপলক্ষ্যে এক সংক্ষিপ্ত আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার অতীতের থেকে ভাল শিক্ষা নিয়ে সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

বিআরডিবি'র সম্মেলন কক্ষে বার্ষিক কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত



গত ০৮/০১/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবি'র বর্তমান কাজের গতিধারা অব্যাহত রাখাসহ প্রতিষ্ঠানের সার্বিক বিষয় নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য বিআরডিবি'র বর্তমান মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার মহোদয় গত ০৮/০১/২০১৮ খ্রি. তারিখে যোগদান করেন। উক্ত সভায় মহাপরিচালক মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক বিআরডিবি'র সদস্যদের মাঝে গাছের চারা ও কমিশনের চেক প্রদান



গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় বিআরডিবি'র সমিতির সদস্যদের মাঝে গাছের চারা ও সমিতির কমিশনের চেক বিতরণের জন্য আয়োজিত অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. মোজাম্মেল হক, এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুস ছাত্তার উপস্থিত ছিলেন।



বিআরডিবি'র সদর কার্যালয়ে বিআরডিবি'র সেবাগ্রহীতাদের মতামত বক্স স্থাপন



তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্যের অবাধ প্রবাহ এবং মতামত প্রদানের স্বাধীনতাকে উৎসাহিত করার জন্য বিআরডিবি'র সেবা গ্রহীতাদের প্রদত্ত বিভিন্ন সেবা সম্পর্কে মতামত প্রদানের জন্য বিআরডিবি'র সদর কার্যালয়ে নীচ তলায় মতামত বক্স স্থাপন করা হয়েছে। এর ফলে বিআরডিবি'র সেবা গ্রহীতাগণ খুব সহজে বিআরডিবি'র বিভিন্ন প্রদত্ত সেবা সম্পর্কে মতামত প্রদান করতে পারছেন। একইসাথে বিআরডিবি এ সকল মতামতের আলোকে সেবাকে আরও সহজ ও গতিশীল করার উদ্যোগ নিচ্ছেন। ফলে বিআরডিবি'র সেবার মান উন্নীত হচ্ছে।

ঢাকা জেলা প্রশাসক কর্তৃক ধামরাই উপজেলায় মহিলা সমবায় সমিতির ১০০ জন সদস্যের মাঝে ঋণের টাকা প্রদান।

ধামরাই উপজেলায় মহিলা সমবায় সমিতির উপকারভোগী ১০০ জন সদস্যদের মাঝে ঋণ সহায়তা প্রদান করেন ঢাকা জেলার সুযোগ্য জেলা প্রশাসক জনাব আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান। উক্ত ঋণ বিতরণ অনুষ্ঠানে ধামরাই উপজেলার ইউএনও, ইউআরডিওসহ দলের সংশ্লিষ্ট মাঠ সংগঠক উপস্থিত ছিলেন।



নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় বিআরডিবি'র মাধ্যমে ব্লক ও বাটিকের প্রশিক্ষণ প্রদান



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় দরিদ্র মহিলাদের কুটির শিল্পে দক্ষতা উন্নয়নের জন্য ব্লক ও বাটিকের প্রশিক্ষণ প্রদান করে দক্ষতা উন্নয়নে কাজ করছে। ফলে গ্রামীণ নারীদের দক্ষতা ও স্ব-কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

শ্যামনগর, সাতক্ষীরা, সদাবিক কর্মসূচির ম্যানেজারদের প্রশিক্ষণ অনুষ্ঠিত



সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) এর পল্লী উন্নয়ন দলের ম্যানেজার বিভিন্ন বিষয়ে উপর একদিনের প্রশিক্ষণ গত ১৫/০১/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের আয়োজনে কোর্স পরিচালনা করে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম সোহেল। এছাড়া জাতিগঠনমূলক বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বক্স কালভার্ট নির্মাণ



ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় পিআরডিপি- ৩ প্রকল্পের আওতায় সেচের জন্য আন্ডারগ্রাউন্ড ড্রেন নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় রসুলপুর গ্রামের কাঁচা রাস্তায় পানি সরবরাহ এবং মানুষের যাতায়াতের সুবিধা এবং গ্রামের মানুষের চাহিদার প্রেক্ষিতে একটি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। ফলে গ্রামের জনগণের যোগাযোগের ক্ষেত্রে সুবিধা পাচ্ছে। এভাবেই বিআরডিবি পল্লী জনপদের উন্নয়নে কাজ করছে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় মধ্যনগর গ্রামে চলমান সেচ কাজের জন্য আন্ডারগ্রাউন্ড ড্রেন নির্মাণ করা হয়েছে। ফলে গ্রামের জনগণ সেচ কাজ ছাড়াও এ শুকনা মৌসুমে সুপেয় পানি পাচ্ছে। এছাড়া আন্ডারগ্রাউন্ড ড্রেন নির্মাণের ফলে পানির অপচয় কম হচ্ছে এবং জমির সঠিক ব্যবহার করা সম্ভব হচ্ছে। এভাবেই বিআরডিবি পল্লীর জনগণ ও জনপদের উন্নয়নে কাজ করছে।

NABARD, Team INDIA কর্তৃক ধামরাই উপজেলায় প্রাথমিক সমবায় সমিতির সদস্যদের উৎপাদিত মৃৎশিল্প পরিদর্শন



National Bank for Agriculture and Rural Development (NABARD), India এর ১২ সদস্যদের প্রতিনিধি দল বাংলাদেশে আগমন উপলক্ষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ধামরাই উপজেলায় দ্বি-সমবায় সমিতির আওতাভুক্ত প্রাথমিক সমবায় সমিতির ক্ষুদ্র ঋণ কার্যক্রম এবং তাদের আইজিএ পরিদর্শন করেন। গত ৩০/০১/২০১৯ খ্রি. তারিখে ধামরাই উপজেলায় এ ১২ সদস্যের একটি দল ধামরাই উপজেলা এবং কুমরাইল বিত্তহীন সমবায় সমিতির সদস্যদের সাথে উঠান বৈঠকে যোগদান করেন।

NABARD, Team INDIA কর্তৃক ধামরাই উপজেলায় মহিলা সমবায় সমিতির সদস্যদের সাথে উঠান বৈঠকে অংশগ্রহণ



National Bank for Agriculture and Rural Development (NABARD), India এর ১২ সদস্যদের প্রতিনিধি দল বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ধামরাই উপজেলায় দ্বি-সমবায় সমিতির আওতাভুক্ত একটি প্রাথমিক সমবায় সমিতির ক্ষুদ্র ঋণ কার্যক্রম এবং তাদের আইজিএ পরিদর্শন করেন। গত ৩০/০১/২০১৯ খ্রি. তারিখে ধামরাই উপজেলায় এ ১২ সদস্যের একটি দল হাজীপুর উত্তরপাড়া মহিলা সমবায় সমিতির সদস্যদের সাথে উঠান বৈঠকে যোগদান করেন এবং সমিতির বিভিন্ন গুরু মৌতাজাকরণ, বায়োগ্যাস প্ল্যান্ট পরিদর্শন করেন।



কুমিল্লা জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে ফুলেল শুভেচ্ছা প্রদান



কুমিল্লা জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নবযোগদানকৃত মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। এ সময় উপস্থিত ছিলেন কুমিল্লা জেলার উপপরিচালক জনাব যোবেদা বেগম।

কুমিল্লা জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য এমপি-কে ফুলেল শুভেচ্ছা প্রদান



কুমিল্লা জেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নবযোগদানকৃত মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য এমপি-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। এ সময় উপস্থিত ছিলেন কুমিল্লা জেলার উপপরিচালক জনাব যোবেদা বেগম।

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় বিআরডিবি'র পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ৪০০ গরু ও ছাগলের মধ্যে ভ্যাকসিনেশন, কুমির ঔষধ ও ব্যবস্থাপত্র প্রদান



সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় বিআরডিবি'র পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ৪০০ গরু ও ছাগলের মধ্যে ভ্যাকসিনেশন, কুমির ঔষধ ও ব্যবস্থাপত্র প্রদান করা হয়।



শ্যামনগরে গরু, ছাগলের ভ্যাকসিন ও চিকিৎসা প্রদান

শ্যামনগর অফিস: গতকাল বিকাল ৩ টায় শ্যামনগরের পরানপুর স্কুল এড কলেজ ময়দানে গরু, ছাগলের ভ্যাকসিন, কুমির ঔষধ ও ব্যবস্থাপত্র প্রদান করা হয়।
এ আর ডিবি শ্যামনগর এর উদ্যোগে পি আর ডি পি-৩ প্রকল্পের আওতায় পরানপুর স্কুল এড কলেজ ময়দানে ৪০০ গরু, ছাগলের মধ্যে ভ্যাকসিন, কুমির ঔষধ ও ব্যবস্থাপত্র প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এ.এম. এ. সোহেল, উপজেলা প্রমী সম্পদ ভারপ্রাপ্ত কর্মকর্তা ডায় মাহবুবুর রহমান। পি আর ডি পি-৩ প্রকল্পের ইউনিয়ন ডেপুটি অফিসার সুশান্ত কুমার গায়ের, হি আর ডি বি কর্মী সহ স্থানীয় ইউনিয়ন সদস্য, সদস্য ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

পাটকেলঘাটার কুমিরা ইউনিয়ন